

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৯৪
২৯/ দু'আ ও যিকর
পরিচ্ছেদঃ যিকরের মজলিসের ফ্যীলত

আরবী

وَعَنْ أَبِي وَاقِدِ الحَارِثِ بنِ عَوف أَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْ بَيْنَمَا هُوَ جَالِسٌ فِي المَسْجِدِ وَالنَّاسُ مَعَهُ، إِذْ أَقْبَلَ ثَلاَثَةُ نَفَرٍ، فَأَقْبَلَ اثْنَانِ إِلٰى رَسُوْلِ اللهِ عَلَيْ وَدَهَبَ وَاحِدٌ فَوَقَفَا عَلَى رَسُولِ اللهِ عَلَى رَسُولِ اللهِ عَلَى رَسُولِ اللهِ عَلَى مَسُولِ اللهِ عَلَى المَلْقَةِ فَجَلَسَ فِيهَا وَأَمَّا الآخَرُ فَجَلَسَ خَلْفَهُمْ وَأَمَّا الثَّالِثُ فَأَدْبَرَ ذَاهِباً فَلَمَّا فَرَغَ رَسُوْلُ اللهِ عَلَيْ قَالَ أَلاَ أُخْبِرُكُمْ عَنِ النَّفرِ خَلْفَهُمْ وَأَمَّا الثَّلاَثَةِ :أَمَّا أَحَدُهُمْ فَأَوَى إِلَى اللهِ فَآوَاهُ اللهُ إِلَيْهِ وَأَمَّا الآخَرُ فَاسْتَحْيَى فَاسْتَحْيَى اللهُ مِنْهُ وَأَمَّا الآخَرُ فَاسْتَحْيَى فَاسْتَحْيَى اللهُ عَنْهُ مَتَفَقٌ عَلَيْهِ

বাংলা

(৩৬৯৪) আবৃ ওয়াকেদ হারেস ইবনে আওফ (রাঃ) হতে বর্ণিত, একদা আল্লাহর রসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম মসজিদে বসেছিলেন এবং তাঁর সঙ্গে কিছু লোকও ছিল। ইতিমধ্যে তিনজন লোক আগমন করল। তাদের মধ্যে দু'জন আল্লাহর রসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর সামনে উপস্থিত হল এবং একজন চলে গেল। নবাগত দু'জন ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর পাশে দাঁড়িয়ে রইল। তাদের একজন সভার মধ্যে ফাঁক দেখে সেখানে বসে পড়ল। আর অপরজন সভার পিছনে বসে গেল। আর তৃতীয় ব্যক্তি পিঠ ঘুরিয়ে প্রস্থান করল। যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম অবসর পেলেন, তখন বললেন, "তোমাদেরকে তিন ব্যক্তি সম্পর্কে বলব না কি? তাদের একজন তো আল্লাহর কাছে আশ্রয় গ্রহণ করল, ফলে আল্লাহ তাকে আশ্রয় দান করলেন। আর দ্বিতীয়জন সে (সভার মধ্যে ঢুকে বসতে) লজ্জাবোধ করল, বিধায় আল্লাহও তাঁর ব্যাপারে লজ্জাশীলতা প্রয়োগ (ক'রে তাকে রহম) করলেন। আর তৃতীয়জন মুখ ফিরিয়ে নিল, বিধায় আল্লাহও তার দিক থেকে বিমুখ হয়ে গেলেন।

ফুটনোট

(বুখারী ৬৬, ৪৭৪, মুসলিম ৫৮১০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন